(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moefcc.gov.bd

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০০০.০৭৩.০৪.০০১৫.২১.৩০৪

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: পরিবেশগতভাবে সংকটাপন্ন সেন্টমার্টিন দ্বীপে পর্যটক গমন বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: ০১। এ মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ২২.০০.০০০০.০০০.০৭৩.০৪.০১৫.২১.৩০১, তারিখ: ২৫ অক্টোবর ২০২৬
০২। এ মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৭৩.১৪.০১৪.২৩.৩৮৫, তারিখ: ২২ অক্টোবর ২০২৫।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবেশগতভাবে সংকটাপন্ন সেন্টমার্টিন দ্বীপে পর্যটক গমন বিষয়ে গত ১২ অক্টোবর ২০২৬ তারিখ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	বাংলাদেশ অভ্যন্তরীন নৌ-পরিবহন কর্তৃপক্ষ এবং নৌপরিবহন অধিদপ্তর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত সেন্টমার্টিন দ্বীপে নৌযান চলাচলের অনুমতি প্রদান করতে পারবে না;	১. বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ২. নৌপরিবহন মন্ত্রণালয় ৩. পরিবেশ অধিদপ্তর ৪. জেলা প্রশাসন, কক্সবাজার ৫. বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ৬. পুলিশ সুপার, কক্সবাজার এবং ৭. ট্যুরিস্ট পুলিশ, কক্সবাজার
৩.২	০১ নভেম্বর ২০২৬ তারিখ হতে ১৫ মার্চ ২০২৭ তারিখ পর্যন্ত সেন্টমার্টিন দ্বীপে পর্যটকগণ যাওয়া আসা করতে পারবে;	
৩.৩	নুনিয়ারছড়া ঘাট থেকে অনুমোদিত পর্যটকবাহী জাহাজসমূহ চলাচল অব্যাহত থাকবে;	
৩.৪	পর্যটকের সংখ্যা গড়ে প্রতিদিন ৩৫০০ (তিন হাজার পাঁচশত) এর অধিক হবে না;	
৩.৫	২২ অক্টোবর ২০২৫ তারিখের প্রজ্ঞাপন নং ২২.০০.০০০০.০৭৩.১৪.০১৪.২৩.৩৮৫-এর অনুচ্ছেদ (গ), (ঘ), (ঙ) ও (চ) এই সভার সিদ্ধান্ত ৩.২ ও ৩.৪ অনুযায়ী সংশোধিত বলে গণ্য হবে। উক্ত প্রজ্ঞাপনের অবশিষ্ট সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।	

০২। বর্ণিতাবস্থায়, পরিবেশগতভাবে সংকটাপন্ন সেন্টমার্টিন দ্বীপে পর্যটক গমনসংক্রান্ত উল্লিখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-১০-২০২৬
সাবরীনা রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন :
ফ্যাক্স : +৮৮০২৯৫৪০২১০
ইমেইল : env3@moefcc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
২। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৪। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, আগারগাঁও, ঢাকা।।
৬। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন (৮ম তলা) ১৪১-১৪৩ মতিঝিল বা/এ ঢাকা।।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ ঢাকা।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, পর্যটন ভবন, ই-৫ সি/১, পশ্চিম, আগারগাঁও, ঢাকা।
৯। জেলা প্রশাসক, কক্সবাজার।

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০০০.০৭৩.০৪.০০১৫.২১.৩০৪/১ (৫)

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। অতিরিক্ত সচিব, পরিবেশ অনুবিভাগ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব, পরিবেশ-২ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৫। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

২৭-১০-২০২৬
সাবরীনা রহমান
সিনিয়র সহকারী সচিব